

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯৫৪

আগরতলা, ২৮ জানুয়ারি, ২০২৬

আইজিএম হাসপাতালে চোখের ছানির সফল অস্ত্রোপচার



রাজ্যের বিভিন্ন এলাকা থেকে চোখের সমস্যায় আক্রান্ত রোগীরা চিকিৎসার জন্য আইজিএম হাসপাতালের চক্ষু বিভাগে আসেন। গত ২১ জানুয়ারি আইজিএম হাসপাতালে আধুনিক পদ্ধতিতে মোট ৩২জনের বিনামূল্যে চোখের ছানির অস্ত্রোপচার সফলভাবে সম্পন্ন করা হয়। এদের মধ্যে টাকারজলার ১২জন, বিশালগড়ের ১০জন এবং তেলিয়ামুড়ার ১০জন চক্ষু রোগী ছিলেন। এই অস্ত্রোপচারে ছিলেন আইজিএম হাসপাতালের চক্ষু বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ রবীন্দ্র দাস ও ডাঃ শ্যামরূপ ভট্টাচার্য এবং সহযোগিতায় ছিলেন ওটি অ্যাসিস্ট্যান্ট বৈশালী দেবনাথ, নার্সিং অফিসার নূপুর চক্রবর্তী, রীণা দাস ভৌমিক, শিপ্রা ঘোষ, কৃষ্ণ ভট্টাচার্য, নিতু রাণী দেববর্মা সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীরা। এই অস্ত্রোপচারে সকল রোগীদের প্রয়োজনীয় চোখের পরীক্ষা ও পর্যবেক্ষণের পর প্রত্যেককেই বিনামূল্যে সকল প্রকার ওষুধ, কালো চশমাও প্রদান করা হয়। ২২ জানুয়ারি তাদের হাসপাতাল থেকে ছুটি দেওয়া হয়। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*